কলেজ কোড: ৩৭৫০
EIIN No : 128461

# সিরাজগঞ্জ সরকারি কলেজ,সিরাজগঞ্জ
## একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি
### শিক্ষাবর্ষ : ২০২৪-২০২৫

তারিখ: ২৬শে মে ২০২৪

শিক্ষামন্ত্রণালয় কর্তৃক গৃহীত নীতিমালা-২০২৪ অনুযায়ী সিরাজগঞ্জ সরকারি কলেজে একাদশ শ্রেণিতে বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখায় ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। নিম্নে উল্লেখিত জিপিএ (GPA) প্রাপ্ত ছাত্র-ছাত্রী ভর্তির আবেদনের জন্য যোগ্য বলে বিবেচিত হবে।

| বিভাগ | আসন সংখ্যা | ন্যূনতম জিপিএ | শাখা পরিবর্তন করে আবেদনের জন্য ন্যূনতম জিপিএ |
|---|---|---|---|
| বিজ্ঞান | ৪২৫ | ৫.০০ | বিজ্ঞান অথবা মানবিক শাখা হতে ব্যবসায় শিক্ষা শাখায়- ৪.০০<br>বিজ্ঞান অথবা ব্যবসায় শিক্ষা শাখা হতে মানবিক শাখায় -৪.০০ |
| ব্যবসায় শিক্ষা | ২০০ | ৪.০০ | |
| মানবিক শাখা | ২৫০ | ৩.৫০ | |

০১. **অনলাইনে আবেদনের প্রক্রিয়া:** শিক্ষামন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত নীতিমালা-২০২৪ অনুযায়ী একাদশ শ্রেণির ভর্তির জন্য অনলাইনে অথবা টেলিটক মোবাইলে এস.এম.এস এর মাধ্যমে আবেদন করতে হবে।

অনলাইনে আবেদনের ঠিকানা- **www.xiclassadmission.gov.bd**

০২. অনলাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ০৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/ সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

০৩. কলেজ/সমমানের প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ৯৩% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে যা মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। মোট আসনের ৫% মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য, শিক্ষামন্ত্রণালয় ও এর দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানের ক্ষেত্রে মহানগর, বিভাগীয় ও জেলা সদরে শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে ২% কোটা সংরক্ষিত থাকবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কর্তৃক দপ্তর প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী যে মহানগর/বিভাগ/জেলায় কর্মরত থাকবেন তার সন্তান সেই মহানগর/বিভাগ/জেলায় ভর্তির জন্য বিবেচিত হবে। যে সকল শিক্ষার্থী বিশেষ চাহিদা সম্পন্ন হিসেবে এস এস সি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কেবল তারাই সংশ্লিষ্ট বোর্ডে ম্যানুয়ালি ভর্তির জন্য আবেদন করতে পারবে। প্রবাসীদের সন্তান/বি.কে.এস.পি থেকে উত্তীর্ণ শিক্ষার্থী/খেলাধুলা এবং সাংস্কৃতিক ক্ষেত্রে বিভাগীয় বা জাতীয় পর্যায়ের অসামান্য অবদানের জন্য পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থী ভর্তির জন্য বোর্ডে ম্যানুয়ালি আবেদন করতে পারবে।

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ০১ | ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ (যারা পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করবে, আবেদনের যোগ্য হলে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে) | ২৬/০৫/২০২৪ (রবিবার) থেকে ১১/০৬/২০২৪ (মঙ্গলবার) |
| ০২ | আবেদন যাচাই-বাছাই ও আপত্তি নিষ্পত্তি | ১২/০৬/২০২৪ (বুধবার) থেকে ১৩/০৬/২০২৪ (বৃহস্পতিবার) |
| ০৩ | শুধু পুনঃনিরীক্ষণে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ | ১২/০৬/২০২৪ (বুধবার) থেকে ১৩/০৬/২০২৪ (বৃহস্পতিবার) |
| ০৪ | পছন্দক্রম পরিবর্তনের সময় | ১২/০৬/২০২৪ (বুধবার) থেকে ১৩/০৬/২০২৪ (বৃহস্পতিবার) |
| ০৫ | ১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ২৩/০৬/২০২৪ (রবিবার, রাত ৮.০০টা) |
| ০৬ | শিক্ষার্থীর নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ের নির্বাচন এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে) | ফল প্রকাশের পর থেকে ২৯/০৬/২০২৪ (শনিবার, রাত ৮.০০টা পর্যন্ত) |
| ০৭ | ২য় পর্যায়ে আবেদন গ্রহণ | ৩০/০৬/২০২৪ (রবিবার) থেকে ০২/০৭/২০২৪ (মঙ্গলবার, রাত ৮.০০টা পর্যন্ত) |
| ০৮ | পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ | ০৪/০৭/২০২৪ (বৃহস্পতিবার, রাত ৮.০০টা) |
| ০৯ | ২য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ০৪/০৭/২০২৪ (বৃহস্পতিবার, রাত ৮.০০টা) |
| ১০ | ২য় পর্যায়ের শিক্ষার্থীর নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের নির্বাচন এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে) | ০৫/০৭/২০২৪ (শুক্রবার) থেকে ০৮/০৭/২০২৪ (সোমবার, রাত ৮.০০টা পর্যন্ত) |
| ১১ | ৩য় পর্যায়ে আবেদন গ্রহণ | ০৯/০৭/২০২৪ (মঙ্গলবার) থেকে ১০/০৭/২০২৪ (বুধবার) |
| ১২ | পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ | ১২/০৭/২০২৪ (শুক্রবার, রাত ৮.০০টা) |
| ১৩ | ৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ১২/০৭/২০২৪ (শুক্রবার, রাত ৮.০০টা) |
| ১৪ | ৩য় পর্যায়ের শিক্ষার্থীর নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ৩য় পর্যায়ের নির্বাচন এবং আবেদন বাতিল হবে) | ১৩/০৭/২০২৪ (শনিবার) থেকে ১৪/০৭/২০২৪ (রবিবার) |
| ১৫ | ভর্তির তারিখ:<br>ভর্তির সময় এসএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র/ এসএসসি পরীক্ষার মূল প্রবেশ পত্র ও রেজি.কার্ড ও পাশকৃত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের ইস্যুকৃত প্রশংসাপত্র এবং ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে | ১৫/০৭/২০২৪ (সোমবার) থেকে ২৫/০৭/২০২৪ (বৃহস্পতিবার) |
| ১৬ | ক্লাস শুরু | ৩০ জুলাই, ২০২৪ (মঙ্গলবার) |

বিস্তারিত তথ্যের জন্য ফোন নম্বর ০২৫৮৮৮৩০০৬৭ অথবা কলেজের ওয়েব সাইট ঃ (www.srgc.edu.bd) হতে ভর্তি সংক্রান্ত তথ্য জানা যাবে

২৬.৫.২৪

অধ্যক্ষ
সিরাজগঞ্জ সরকারি কলেজ
সিরাজগঞ্জ

(প্রফেসর টি.এম. সোহেল)
আইডি নং-৪৯৮৫
অধ্যক্ষ
সিরাজগঞ্জ সরকারি কলেজ, সিরাজগঞ্জ।

২৬.৫.২৪

আহ্বায়ক
উচ্চ মাধ্যমিক মনিটরিং কমিটি (২০২৪-২০২৫)
সিরাজগঞ্জ সরকারি কলেজ,সিরাজগঞ্জ

আহবায়ক
উচ্চ মাধ্যমিক মনিটরিং কমিটি
সিরাজগঞ্জ সরকারি কলেজ সিরাজগঞ্জ

CamScanner